ইংল্যান্ড প্রিমিয়ার লিগের ম্যাচে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে ৩-১ গোলে হারাল ওয়েস্ট হ্যাম ইউনাইটেড।

মাঠে - ময়দানে

স্পেনের লা লিগার ম্যাচে রিয়াল সোদিয়াদকে ১-০ গোলে হারাল ভ্যালেন্সিয়া।

ঘরের মাঠে রানার্স বেঙ্গালুরু নামছে চ্যাম্পিয়ন চেন্নাইয়ান এফসি'র বিরুদ্ধে

বেঙ্গালুরু, ২৯ সেপ্টেম্বর: দ্বিতীয়বার আইএসএল-এ নামছে বেঙ্গালুরু এফসি। এর আগের আইপিএলে নেমেই চমক দেখিয়েছিলেন বেঙ্গালুরু ফুটবলাররা। চেন্নাইয়ান এফসি'র কাছে ৩-২ গোলে হেরে রানার্স হতে হয়েছিল তাদের। গত মরশুমে আইএসএলেতে দুটি সেরা দল ছিল বেঙ্গালুরু এফসি এবং চেন্নাইয়ান এফসি। বেশ কিছু দুর্দান্ত ম্যাচ খেলেছিল তারা। কান্তেরোভায় ফাইনালে ম্যাচে জয় হয়েছিল চেন্নাইয়ান এফসি। আগ্রহজনকভাবে উভয় দল গত মরশুমে তাদের সেট টুকরা দক্ষতার জন্য পরিচিত ছিল। বেঙ্গালুরুর জন্য কিন্তু এটি বদলার ম্যাচ। চেন্নাইয়ান এফসি কোচ গ্রেগরি বেশ উত্তেজিত ম্যাচ নিয়ে। তিনি বলেন, 'আমি গতবছর থেকেই এই রাইভ্যালারি দেখেছি। আর ব্যাঙ্গালুরু খুবই ভাল দল। গত বছর খুবই লড়াই হয়েছে আমাদের। আশা করি এবছরও খুব সহজ ম্যাচ হবে না। খুব লড়াই হবে।' গ্রেগরি হাতে প্রায় একই দল রেখেছে। শুধু মাত্র গণেশ খেলতে পারবেন না। এটা কিছুটা হয় উদ্বেগের কারণ রয়েছে। কারণ গ্রেগরি স্মৃতিতে পরিষ্কার গণেশের সেই গুরুত্বপূর্ণ গোল রয়েছে। তবে এর মধ্যেও জনের আশা গণেশের পরিবর্ত নিশ্চয়ই নিজেকে প্রমাণ করবে। এমনটাই জানিয়েছেন চেন্নাইয়ান কোচ। তিনি আরও বলেন, খুব কঠিন ম্যাচ হতে যাচ্ছে। ১২ মাস আগে, গণেশ নিজেই বেঞ্চে ছিলেন কিন্তু তিনি যখন এটি পেয়েছিলেন তখন সুযোগ কাজে লাগিয়েছিলেন। কিন্তু তাঁর চরিত্র ও ব্যক্তিত্বের ক্ষেত্রে আমারা তাকে কিছুটা হলেও মিস করব। চোটের কারণে ধনপাল থাকছেন না। তিনি বলেন, ধনপালের জন্য আগের মরশুমে আমরা গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জন করেছি। তাই ধনপালের না থাকাটা কিছুটা হলেও মিস করব। সুনীল ছেত্রীরা আবার বদলার মেজাজে থাকবেন এমনটাই ধরে নেওয়া যায়। যদিও তাদের কোচ কুয়াদ্রাতের গলায় রয়েছে সমীহ। চেন্নাইয়ান খুব ভাল দল। আর টুর্নামেন্টের প্রথম ম্যাচ খুবই গুরুত্বপূর্ণ হয়। চেন্নাইয়ানের সঙ্গে লড়াই হবে এটা ধরে রাখাই যায়। তবে শুধু চেন্নাইয়ান এফসি কেন, অন্য দল সামনে পরলেও আমরা সমান গুরুত্ব দিতাম। এই কুয়াদ্রাতে সাহায্যেই কিছু নতুন বিদেশি মুখ দেখা যাবে। যারা হলেন মিডফিল্ডার হার্নান্ডেজ, ডিফেন্ডার আলবার্ট সেরান এবং উইংগার চেঞ্চো। চেন্নাইয়ানের বিপদ সংকেত হতে পারে সেটপিস। গত মরশুমে রোকার অধীনে থাকা দলকে সেটপিসে পোলতেতে আগুন দিয়েছিলেন যিনি, তিনি এই কুয়াদ্রাব। আট গোল এসেছিল এই সেটপিস থেকেই। ভারতীয় ফুটবলের ইতিহাসে ২২ বছরের সেরা লিগ অর্থাৎ আই লিগের ইতিহাসে ৭২.২ শতাংশ ম্যাচ জেতার রেকর্ডও করে দেখাতে পারেনি আর কোনও দল। আর এই সবের পেছনেই আছেন স্পেনীয় রোকা, যিনি মরশুমের শুরুতে দল গড়েছিলেন নিজের মতো করে। গত মরশুমে মনে হয়েছিল রোকার হাতে কোনও বিকল্প নেই। চারজনকে রক্ষণে রেখে শুরু করেছিলেন দল, পরে চলে এসেছিল তিনজনের ডিফেন্সে। নিজেদের মধ্যে ক্রমাগত পাস এবং এগিয়ে যাওয়ার ফুটবল কৌশল ধীরগতির মনে করেছিলেন অনেকে, পজেশনভিত্তিক ফুটবল ধরা পড়ে যাচ্ছিল সেই সব দলের বিরুদ্ধে যারা নিজেদের অর্ধে পিছিয়ে থাকছিল রক্ষণ জমাট রেখে। রোকা আগের মরশুমের মতো এই মরশুমেও আস্থা রেখেছেন দ্রুতলয়ে প্রতিআক্রমণে, নিজেরা ক্রমাগত চাপ নিয়ে আক্রমণে দ্রুত উঠে বিপক্ষকে বিঁধে ফেলতে চেয়েছিলেন। রক্ষণে একজন বিদেশি থেকে ছয়ানন ও জন জনসনকে একসঙ্গে খেলানো, কৌশল বৈচিত্র্যও এনেছেন রোকা, যার প্রতিফলন দেখা গিয়েছে দলের খেলায়। তার জন্যই এবারও নীল সমুদ্রে উঠবে ঢেউ। নাকি গ্রেগরির ক্ষুরধার মস্তিষ্ক করবে বাজিমাত। চেন্নাইয়ান-বেঙ্গালুরু ম্যাচ নিয়ে রইল অনেক প্রশ্ন। যার উত্তর পাওয়া যাবে ম্যাচের অন্তিম মুহূর্তে।

দায়বদ্ধতাই সব, প্রমাণ করে দিলেন কেদার-তামিম

দুবাই, ২৯ সেপ্টেম্বর: ক্রিকেট মানেই আবেগ, ক্রিকেট মানেই উত্তেজনা। আর ক্রিকেট মানেই দায়বদ্ধতা। হ্যাঁ, এমনটাই আবারও প্রমাণিত বাইশ গজে। ব্যক্তির আগে যে দেশ, তা আবারও প্রমাণ করলেন কেদার যাদব, তামিম ইকবালরা। ম্যাচটা ছিল শ্রীলঙ্কার বিরুদ্ধে। টুর্নামেন্টের প্রথম ম্যাচ। প্রথমে ব্যাট করতে নামে বাংলাদেশ। দ্বিতীয় ওভারেই বল এসে লাগে তামিমের বাম হাতের কবজিতে। যন্ত্রণায় মাঠ ছাড়েন তামিম। জানা যায়, বাম হাতের কবজিতে হাড়ে চিড় ধরেছে। এরপর ধীরে ধীরে এগোতে থাকে বাংলাদেশের ইনিংস। তবে বাংলাদেশের ইনিংসের শেষ দিকে ভাঙা হাত নিয়েই ফিরে আসেন তামিম। এরপর আর ব্যাট থেকে রান না এলেও এক হাতে ব্যাট করে উইকেটে টিকে থাকেন তিনি। নন স্ট্রাইকার এন্ডে থাকা মুসফিকুরকে রান করতে সাহায্য করেন তিনি। সব মিলিয়ে ক্রিকেটপ্রেমীদের সামনে উদাহরণ স্থাপন করেন তামিম। টুর্নামেন্টের ফাইনালে বাংলাদেশের বিরুদ্ধে ক্রিজে ধোনির সঙ্গে ব্যাট করছেন কেদার যাদব। স্বভাবসিদ্ধভাবে এক রানওলিকে দু'রানে পরিণত করছেন ধোনি ও কেদার। হঠাৎই ডান পায়ের হ্যামস্ট্রিংয়ের টান অনুভব করেন যাদব। খোঁড়াতে শুরু করেন তিনি। খোঁড়াতে শুরু করে ভারতীয় ব্যাটিং অর্ডারও। ক্রমে দু'রানগুলি এক রানে ও এক রানগুলি ডট বলে পরিণত হচ্ছিল। শেষ পর্যন্ত কেদারকে নির্দেশ দেওয়া ড্রেসিংরুমে ফিরতে। শেষ দিকে ভুবি আউট হলে আবার কেদারকে খোঁড়াতে খোঁড়াতে মাঠে ঢুকতে দেখা যায়। ম্যাচের জয়সূচক রানটা আসে তাঁর ব্যাট থেকেই। কথায় আছে ভাগ্য বীরের সঙ্গেই থাকে। যেমনটা ছিল কেদার ও তামিমের সঙ্গে।

পাকিস্তানের বশির চাচা ফাইনালে গলা ফাটালেন ভারতের হয়ে

দুবাই, ২৯ সেপ্টেম্বর : এশিয়া কাপের ফাইনালে ভারতকে সমর্থন করলেন পাকিস্তানের একনিষ্ঠ ভক্ত বশির চাচা। অবশ্য এটাই প্রথম নয়। ২০১৫ বিশ্বকাপেও পাকিস্তান ছিটকে যাওয়ার পর বশির চাচা টিম ইন্ডিয়াকে সমর্থন করেছিলেন। তিনি মনোযোগে চেয়েছিলেন ধোনির হাতেই উঠুক কাপ। তাঁর প্রিয় দল পাকিস্তান ফাইনালে উঠতে পারেনি। দু'বারই ভারতের কাছে হেরেছে তারা। তাই শুক্রবার এশিয়া কাপের ফাইনালে বশির চাচা ভারতীয় সমর্থক হয়ে গেলেন। একেবারে টিম ইন্ডিয়ার জার্সি গায়ে চাপিয়ে ভারতের অদ্ভুতভক্ত সুধীর গৌতম এবং বাকি ভারতীয় ক্রিকেট ভক্তদের সঙ্গে গ্যালারিতে বসে খেলা দেখলেন। শুধু তাই নয়, কেদার যাদব ২৭ তম ওভারে মুশফিকুর রহিমকে ফিরিয়ে দেওয়ার পর বশির চাচা আনন্দে লাফিয়ে ওঠেন। এই ঘটনার একটি ভিডিও প্রকাশ পেয়েছে। যা ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে গেছে। সব চিত্র সাংবাদিকই বশির চাচার ছবি ক্যামেরাবন্দী করেছেন। বলা হচ্ছে এই ছবিই এশিয়া কাপের সেরা মুহূর্ত। ভারতীয় ভক্ত সুধীর গৌতমকে এশিয়ান কাপ দেখার ব্যবস্থা করে দেন বশির চাচাই। সুধীরকে দুবাই আসার বিমানের টিকিট সহ, দুবাইয়ে থাকা-খাওয়ার যাবতীয় ব্যবস্থা করে দিয়েছিলেন পাকিস্তানের এই বর্ষীয়ান ভক্ত। এরপর ফাইনালে ভারতকে সমর্থন করে ক্রিকেটকে এক অন্য উচ্চতায় নিয়ে গেলেন তিনি।

ধোনির প্রশংসায় রোহিত শর্মা

দুবাই, ২৯ সেপ্টেম্বর: এশিয়া কাপে রোহিতের ঠান্ডা মাথায় নেতৃত্ব দেওয়ার ক্ষমতা দেখে অনেকেই এমনটা মনে করছেন। ক্রিকেট মহলে তাঁর নেতৃত্ব দেওয়ার ক্ষমতা এখন চর্চার কেন্দ্রে। এশিয়া কাপের ফাইনালে হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর বাংলাদেশকে ৩ উইকেটে হারায় ভারত। অপরাজিত থেকে এশিয়া কাপের যাত্রা শেষ করে রোহিত ব্রিগেড। টুর্নামেন্টের সেরা হন শিখর ধাওয়ান। ম্যাচ জিতে উঠে রোহিত শর্মা বলেন, টুর্নামেন্ট কঠোর পরিশ্রমের ফসল এল এশিয়া কাপ জয়। মিডল অর্ডারের ব্যাটসম্যানদের ধন্যবাদ জানাতে চাই। ওদের জন্য ম্যাচ জিততে পেরেছি। পাশাপাশি বাংলাদেশ আমাদের কঠিন চ্যালেঞ্জের মুখে ফেলেছে। আমি দলের ছেলেদের জন্য গর্বিত। পাশাপাশি দর্শকদেরও ধন্যবাদ জানাতে চাই গোটা টুর্নামেন্ট জুড়ে আমাদের সমর্থন করার জন্যে। রোহিত আরও বলেছেন, আমি দীর্ঘদিন দেখছি (ধোনি) কীভাবে দলকে পরিচালনা করেন। কখনও ও প্যানিক হয় না। ধীরেসুস্থে নিজে সিদ্ধান্ত নেয়। আমার সঙ্গে এই বিষয়টা বেশ মেলে। তিনি আরও বলেছেন, আমিও প্রথমে ভাবি তারপর কাজ করার চেষ্টা করি। ৫০ ওভারের অনেকটা সময় পাওয়া যায় ঠিকই, তাও সময় বার করেই ভাবতে হয়। ওর অধিনায়কত্বে থেকে আমি ভাল করে সেই বিষয়টা শিখেছি। এছাড়া এশিয়া কাপ জিতে অধিনায়ক রাহুল দ্রাবিড়কে ছুঁয়ে ফেললেন রোহিত শর্মা। অধিনায়ক হিসাবে প্রথম চার সিরিজেই জয়ের মুখ দেখলেন হিটম্যান। অতীত ভারতীয় ক্যাপ্টেনদের মধ্যেও এই রেকর্ড ছিল রাহুল দ্রাবিড়ের।

কোহলির জন্য অপেক্ষা করবেন নির্বাচকরা

মুম্বই, ২৯ সেপ্টেম্বর : কোহলির মেডিক্যাল রিপোর্টের জন্য অপেক্ষা করছেন ভারতীয় বোর্ডের জাতীয় নির্বাচক কমিটি। এশিয়া কাপে বিরাটকে বিশ্রাম দিয়েছিলেন নির্বাচকরা। এরপর আসন্ন ওয়েস্ট ইন্ডিজ দলে ফেরার কথা ছিল তাঁর। পরিস্থিতি যা তাঁকে হয়তো ওয়েস্ট ইন্ডিজ সিরিজ শুরুর দিকে নাও পাওয়া যেতে পারে। কারণ বিরাটের চোট। পিঠের অজানা ব্যথা তাঁকে ভোগাচ্ছিল। এবার কব্জির চোট ভোগাচ্ছে। সেই চোট থেকে কোহলি পুরোপুরি ফিট হয়েছেন কিনা জানা নেই। বোর্ড সূত্রে জানা গেছে, বিরাটের চোটের অবস্থা এখন কিরকম তার উপরই নির্ভর করছে নির্বাচকদের সিদ্ধান্ত। চোট সারিয়ে কোহলির সুস্থ হতে আরও কিছুদিন লাগলে সেপ্টেম্বরে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে এক টেস্টের দল ঘোষণা করবেন বোর্ডের নির্বাচক প্যানেল। অন্যদিকে টেস্ট সিরিজে বিশ্রাম দেওয়া হতে পারে যশপ্রীত বুমরাহ-ভুবনেশ্বর কুমারকে। চোটের জন্য ইংল্যান্ডের বিরুদ্ধে খেলেননি ভুবি।

শুরু হয়ে গেল আইপিএলের পঞ্চম সংস্করণ। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অ্যাটলেটিকো ডি মাদ্রিদের মালিক সঞ্জীব গোয়েঙ্কা, সৌরভ গাঙ্গুলী। এছাড়া উপস্থিত ছিলেন রিলায়েন্স কোম্পানি লিমিটেডের মালিক ও হিরো ইন্ডিয়ান সুপার লিগের চেয়ারপার্সন নীতা আম্বানি, সোনা জয়ী হিমা দাস ও বলিউড তারকা অভিষেক বচ্চন।

ডার্কওয়ার্থ লুইস নিয়মের পরিবর্তন হচ্ছে



দুবাই, ২৯ সেপ্টেম্বর : ক্রিকেটের সবথেকে কঠিন নিয়ম বলা হয় ডার্কওয়ার্থ লুইস নিয়মকে। এহার সেই নিয়মেই বদল আনতে চলেছে আইসিসি।

বিশ্বক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থার সিদ্ধান্ত আজ থেকে কিম্বার্লিতে যে দক্ষিণ আফ্রিকা বনাম জিম্বাবোয়ে সিরিজ শুরু হবে, সেখান থেকে চালু করা হবে এই নতুন নিয়ম।

নতুন নিয়মে স্কোরপ্রতি হিসেবের পরিমাণটা বাড়ছে। অনেকেই মনে করছেন, নতুন নিয়মে যারা রান তাড়া করতে নামবে তাদের কাজটা অনেকটাই কঠিন হয়ে যাবে। বিশেষজ্ঞদের মতে টি-২০ ক্রিকেট আসার পর যেভাবে ঝড়ের গতিতে রান তোলার প্রবণতা শুরু হয়েছে, তাতে ফিল্ডিং সাজানো এবং রান তাড়া করার ধরনটাই বদলে গেছে। নতুন নিয়মে যদি প্রথম দল ৪২৮ রান করে এবং সেই সময় বৃষ্টি নামে, তাহলে দ্বিতীয় দলকে ৭০০ রান তাড়া করতে হবে। অনেকেই মনে করছেন অঙ্কের নিয়ম অনুসরণ করতে গিয়ে কার্যত অবাস্তব চাপ দেওয়া হচ্ছে রান তাড়াকারী দলকে।

আবার যাঁরা নতুন নিয়ম প্রয়োগ করেছেন তাঁরা দেখাচ্ছেন কিভাবে ২ লক্ষ ২০ হাজার ডেলিভারিকে বিশ্লেষণ করে তবেই এই নতুন নিয়ম তৈরি করা হয়েছে।

রোনাল্ডোর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ


Menu | Politik Meinung Wirtschaft Panorama Sport Kultur Netzwelt Wissenschaft more

INTERNATIONAL

Schlagzeile! | DAX 12.246,73 | TVProgramm | Abo

Rape Allegations

American Woman Files Complaint against Cristiano Ronaldo

Cristiano Ronaldo is the most visible athlete on earth. A woman from Las Vegas says: He is the man who raped her in a hotel in 2009. In the current issue of DER SPIEGEL, she goes public with her accusations for the first time.

তুরিন, ২৯ সেপ্টেম্বর : ফুটবল দুনিয়ায় শোরগোল। রোনাল্ডোর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগের খবর প্রকাশ করে বেকায়দায় এক জার্মান ম্যাগাজিন। জার্মান ম্যাগাজিন দের স্পাইগেলে প্রকাশিত খবর অনুযায়ী, ২০০৯ সালে লাস ভেগাসের এক হোটেলে মার্কিন যুক্তরাষ্ট্রের এক মহিলা যাঁর নাম ক্যাথরিন মায়োরগা তাঁর সঙ্গে লাগ ভেগাসের পামস হোটেলে সম্পর্কে জড়িয়ে ছিলেন পর্তুগালের এই তারকা ফুটবলার। বর্তমানে সেই মহিলা ক্রিশ্চিয়ানোর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনেছেন। অভিযোগকারিণী মহিলা দাবি করেছেন ধর্ষণের পর মোটা অঙ্কের টাকা দিয়ে তাঁর মুখ বন্ধ করা হয়েছিল। নয় বছর আগে আউট অফ দ্য কোর্ট সেই বোঝাপড়া নিয়েই এখন প্রশ্ন তুলেছেন সেই মহিলা। বিতর্কিত এই খবর প্রকাশিত হওয়ার পর রোনাল্ডোর আইনজীবী ওই ম্যাগাজিনের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার হুমকি দিয়ে রেখেছেন।

ম্যাগাজিনের কর্তৃপক্ষ অবশ্য জানিয়েছেন খবর প্রকাশের অনেক আগে থেকেই অভিযোগকারিণীর বয়ানের ভিত্তিতে রোনাল্ডোর সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেছেন তারা। তবে সিআরসেভেন বা তাঁর আইনজীবী কোনও উত্তর না দেওয়ায় সংবাদ প্রকাশে বাধা অনুভব করেনি ওই সংবাদ সংস্থা। অন্যদিকে এই অভিযোগ নিয়ে মুখ খুলতে চাননি ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। তারকা ফুটবলারের আইনজীবীর পক্ষ থেকে জানানো হয়েছে, দুজনের সম্মতিতে ঘটনাটি ঘটেছিল, কোনও পক্ষই কারও ইচ্ছার বিরুদ্ধে যায়নি। রোনাল্ডোর সম্মানহানি করতেই হঠাৎ করে নয় বছর পর তাঁর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ আনা হচ্ছে। আইনি পথেই ক্রিশ্চিয়ানো এই অভিযোগের মোকাবিলা করবেন বলে জানা গেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, ক্যাথরিনের সঙ্গে যদি রোনাল্ডোর সম্পর্ক হয়েই থাকে তাহলে এতদিন পরে কেন সেটা প্রকাশ্যে আনা হচ্ছে। আর যদি দু'জনের সম্মতিতে সম্পর্ক হয়ে থাকে তাহলে সেটাকে ধর্ষণ হিসাবে বলা হচ্ছে কেন। জার্মান ওই ম্যাগাজিন ক্যাথরিনের বয়ানের একটি ভিডিও প্রকাশ করে ওই অভিযোগের বিষয়টি প্রকাশ্যে এনেছে।

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষলাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্‌লাহা (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).